সমন্বয় ও এমআইএস সেক্টর
আইএমইডি
পরিকল্পনা মন্ত্রণালয়

বিষয়ঃ অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন।

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কার্যক্রম অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) অনুযায়ী পরিচালিত হয়ে আসছে। জানুয়ারি ২০২৩ হতে মার্চ, ২০২৩ পর্যন্ত সময়ে ওয়েবসাইটের মাধ্যমে কোন অভিযোগ পাওয়া যায়নি। উক্ত সময়ে ইত:পূর্বে প্রাপ্ত ০২টি অভিযোগ বিধি মোতাবেক নিষ্পত্তি করা হয়েছে। অভিযোগ প্রতিকার সংক্রান্ত মাসিক প্রতিবেদন বিধি মোতাবেক পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ এবং আইএমইডি'র ওয়েবসাইটে যথারীতি আপলোড করা হচ্ছে।

০২। অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং সেবা সংক্রান্ত সংশ্লিষ্ট আইন-কানুন, বিধি-বিধান, চাকরি বিধি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, জি.আর.এস সফটওয়্যার বিষয়ক ০২টি প্রশিক্ষণ নিজ দপ্তরে করার বিধান রয়েছে। সে অনুযায়ী আইএমই বিভাগে গত ৩০/১১/২০২২ থেকে ০১/১২/২০২২ এবং ০৪/১২/২০২২ থেকে ০৫/১২/২০২২ তারিখে ০২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

০৩। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে বছরে ০২টি সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে। সে মোতাবেক অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে আগামী এপ্রিল-জুন প্রান্তিকে ০২টি স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার আয়োজন করা হবে।

০৪। মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা (বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩) অনুযায়ী এ বিভাগে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে।

১০/০৪/২০২৩

(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
প্রোগ্রামার
ও
বিকল্প ফোকাল পয়েন্ট (অনিক)

সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।

ইউও নোট নং-২১.০০.০০০০.৪৫৬.২৭.০০১.১৮-২৫৩

তারিখঃ ১০-৪-২০২৩ খ্রি: